



কী আশা করা যায়?




আমার আশ্রয়ের আবেদন






তুমি যখন সিদ্ধান্ত জানার জন্য অপেক্ষা করছ, তখন অনুমোদন ছাড়া অন্য দেশে যাবে না।

- তুমি যদি কখনও তোমার দেশে ফিরে যেতে না পারো কারণটা হলো এটি তোমার জন্য অনিরাপদ, তুমি এখানে আশ্রয় চাইতে পারো।
- আশ্রয় প্রদানকে আন্তর্জাতিক সুরক্ষাও বলা হয়।
- একজন শিশু (18 বছরের নিচে) যে একা এসেছে তাকে সহায়তার জন্য একজন অভিভাবক বলা হয়।
- সমস্ত তথ্য যাচাই করার পর, কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবেন তোমার আশ্রয় লাগবে কি না।

নিবন্ধন

-  কর্তৃপক্ষ তোমার আবেদন নিবন্ধন করবেন, তোমার ছবি এবং আঙুলের ছাপ নেবেন (যদি তোমার বয়স 6 বছরের বেশি হয়) এবং তোমার নথিপত্র পরীক্ষা করবেন।
-  তোমাকে একটি নথি দেওয়া হবে যাতে উল্লেখ করা হবে যে তুমি আশ্রয়ের জন্য আবেদন করেছ। এটা নিরাপদ রাখবে।
-  নিবন্ধনের পর, তোমাকে সাক্ষাৎকারের তারিখ, সময় এবং স্থান সহ একটি আমন্ত্রণ পাঠানো হবে।



সাক্ষাৎকারের জন্য অপেক্ষা করার সময়

-  তুমি নিরাপদ জায়গায় থাকবে। অপেক্ষার সময় নিজেকে ব্যস্ত রাখার চেষ্টা করো।
-  স্থানীয় ভাষা শেখ, নতুন বন্ধু তৈরি করো, খেলাধুলা করো এবং সুস্থ থাকো।
-  সাক্ষাৎকারের জন্য প্রস্তুতি নিতে একজন আইনি পরামর্শদাতা অথবা তোমার অভিভাবকের সাহায্য নাও।





তোমার আশ্রয় সংক্রান্ত কোনো সাক্ষাৎকারে যোগ দিতে ব্যর্থ হবে না! অসুস্থ হলে কর্তৃপক্ষকে জানাও।

তোমার আশ্রয় প্রার্থনা সংক্রান্ত সাক্ষাৎকার

-  তোমাকে জিজ্ঞাসা করা হবে কেন তুমি তোমার দেশ ছেড়েছ সেই সমন্ধে, তোমার পরিবার সম্বন্ধে, তোমার বাড়িতে কাটানো জীবন সমন্ধে এবং তোমার যাত্রা সম্পর্কে।
-  তোমার কাহিনী সমর্থন করার জন্য নথি (কাহিনী, ফটো, রিপোর্ট) দেখাও।

সিদ্ধান্ত

কয়েক মাস পরে, তুমি একটি সিদ্ধান্ত পাবেন।

-  ইতিবাচক হলে, তুমি এই দেশে থাকতে পারো এবং আরো স্থায়ী আবাসনে যেতে পারো।
-  নেতিবাচক হলে, তোমাকে বাড়ি ফেরার নিরাপদ বিকল্প সম্পর্কে অবহিত করা হবে। তুমি যদি কখনো সেই সিদ্ধান্তের সাথে একমত না হও তবে তুমি আনুষ্ঠানিক ভাবে সেটির বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পারো। একে আপিল বলা হয়।

মনে রাখবে

- ✓ তুমি প্রত্যাবর্তনের বিষয়ে পরামর্শের জন্য বা নেতিবাচক সিদ্ধান্তের বিরুদ্ধে কীভাবে আপিল করবে তার জন্য তুমি একজন আইনজীবীর সাহায্য নিতে পারো।
- ✓ ভাষা না বুঝলে তুমি একজন দোভাষীর সাহায্য নাও।
- ✓ যদি তুমি অফিসারদের জিজ্ঞাসা করা প্রশ্নের উত্তর না জানো, তাহলে সেটি জানাতে পারো।
- ✓ সব অফিসারদের অবশ্যই তোমার সাথে সম্মানজনক আচরণ করতে হবে।
- ✓ অফিসারদের সঙ্গে কাজ করো। যদি তাদের বলা কোনো কথা বুঝতে অসুবিধা হয় তবে তারা কী জানতে চান তা ব্যাখ্যা করতে বলো।



Bengali